# ১৩তম কার্যনির্বাহী সভার কার্যবিবরণী

**তারিখঃ** ০১ নভেম্বর ২০২৫, রোজ শনিবার
**সময়ঃ** রাত ১০.০০ ঘটিকা
**স্থানঃ** অনলাইন (Zoom) মিটিং

---

**সভাপতিত্বঃ**

সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ।

---

**সভার সূচনাঃ**

- সভার শুরুতেই সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ, সহ-সভাপতি জনাব মোঃ মুসা-কে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে সবাইকে আন্তরিক ভালোবাসা জানান এবং মহাসচিবকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন ।
- মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু সবাইকে সালাম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আজকের আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করার আহ্বান জানান ।

---

**সভায় উপস্থিত ছিলেনঃ**

১. জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ‘ সভাপতি
২. জনাব আসলাম পারভেজ মিঠু ‘ মহাসচিব
৩. জনাব মোঃ মাসুদ রেজা ‘ সিনিয়র সহ-সভাপতি
৪. জনাব মোঃ মুসা ‘ সহ-সভাপতি
৫. জনাব এ.টি.এম কামাল হোসেন ‘ সহ-সভাপতি
৬. জনাব তানবীর মোরশেদ চৌধুরী ‘ সহ-সভাপতি
৭. জনাব মাহবুব রাশেদ রুবেল ‘ যুগ্ম মহাসচিব
৮. জনাব মুফতি মোঃ ইসহাক ‘ কোষাধ্যক্ষ
৯. জনাব মোঃ এমদাদ-উল-হক ‘ সাংগঠনিক সচিব
১০. জনাব সোহেল সিকদার জুম্মন ‘ দপ্তর ও পাঠাগার সচিব
১১. জনাব মোঃ জহিরুল ইসলাম ‘ সমাজ কল্যান সচিব
১২. জনাব শাহাদত হোসেন সহ শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি সচিব
১৩. জনাব মিজানুর রহমান আপেল ‘ প্রচার ও জনসংযোগ সচিব
১৪. জনাব মোঃ মনির হোসেন ‘ সহ কোষাধ্যক্ষ
১৫. জনাব মোঃ তারিক সিরাজ ‘ সাংস্কৃতিক সচিব
১৬. জনাব মোঃ আরিফুল ইসলাম অপু ‘ সহ-সাংস্কৃতিক সচিব
১৭. জনাব মোহাম্মদ রফিউল করিম পিন্টু ‘ নির্বাহী সদস্য
১৮. জনাব মোঃ মুহিত হোসেন ‘ নির্বাহী সদস্য
১৯. জনাব মোঃ নুরুজ্জামান ‘ নির্বাহী সদস্য
২০. জনাব মোহাম্মদ এহতেশাম হাকিম ‘ নির্বাহী সদস্য
২১. জনাব মোঃ রাশেদ খান ‘ নির্বাহী সদস্য

---

**সভার আলোচ্যসূচী:**

১. প্রিভিলেজ কার্ড সিলেকশন ও বিতরণ কমিটির নাম ঘোষণা।
২. সফটওয়্যার ও ওয়েবপেইজ বাস্তবায়ন কমিটির নাম ঘোষণা।
৩. বার্ষিক বনভোজন আয়োজন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪. বিবিধ।

---

**সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ**

**এজেন্ডা ১ ও ২:**

**প্রিভিলেজ কার্ড এবং সফটওয়্যার ও ওয়েবপেইজ বাস্তবায়ন কমিটির নাম ঘোষণা প্রসঙ্গে:**
এই সভায় উপরোক্ত দুই কমিটির নাম চূড়ান্তকরণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি জানান, পূর্ববর্তী সভায় উভয় কমিটির বিষয়ে প্রস্তাব গৃহীত হয়েছে এবং শীঘ্রই নামের তালিকা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে ইনশাআল্লাহ।

**এজেন্ডা ৩:**

**বার্ষিক বনভোজন আয়োজন বিষয়ে আলোচনা:**

- **সাংস্কৃতিক সচিব জনাব মোঃ তারিক সিরাজ**
  সবার মতামত চান'
- **সহ কোষাধ্যক্ষ জনাব মনির হোসেন:**
  নৌবিহার হলে ভালো হয়।
- **সহ-সভাপতি জনাব এ.টি.এম কামাল হোসেন:**
  নৌবিহার করা যেতে পারে, তবে স্পট পরিবর্তন করা উচিত। তিনি আগের দুই সভার সিদ্ধান্তহীনতা নিয়ে প্রশ্ন তোলেন এবং বলেন আজীবন সদস্য নির্বাচনে একটি নির্দিষ্ট নীতিমালা থাকা উচিত। গচ্ছিত টাকা থেকে দেনা পরিশোধের প্রস্তাব পুনরায় দেন।
- **প্রচার ও জনসংযোগ সচিব জনাব মিজানুর রহমান আপেল:**
  নৌবিহার হোক তবে স্থান পরিবর্তন করা দরকার।
- **নির্বাহী সদস্য জনাব রফিউল করিম পিন্টু:**
  নৌবিহারের পক্ষে মত দেন।
- **সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ মাসুদ রেজা:**
  নৌবিহার ভালো বিকল্প, তবে নতুন স্পট বেছে নেওয়া দরকার। প্রকৃতির কাছাকাছি রিসোর্টও ভালো বিকল্প হতে পারে। তিনি পূর্ব প্রতিশ্রুতিগুলোর বাস্তবায়ন জানতে চান।
- **নির্বাহী সদস্য জনাব মোঃ নুরুজ্জামান ও জনাব মোঃ রাশেদ খান:**
  বনভোজন আয়োজনে সম্মতি জানান।
- **সহ-সভাপতি জনাব মোঃ মুসা:**
  বান্দরবানে বনভোজনের প্রস্তাব দেন, আনুমানিক ব্যয় প্রতিজন ৩৫০০/- টাকার মধ্যে হবে বলে উল্লেখ করেন। বিকল্প হিসেবে গাজীপুরের একটি রিসোর্টের প্রস্তাব দেন। দেনা পরিশোধে গচ্ছিত টাকা ব্যবহারের পক্ষে মত দেন।

- **কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক:**
  বাজেটের বাইরে যেন ব্যয় না হয়, সে বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেন।

- **সাংগঠনিক সচিব জনাব এমদাদ-উল-হক:**
  নৌবিহারের পক্ষে মত দেন এবং অফলাইন সভা আয়োজন না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন। আজীবন সদস্যদের সম্মানার্থে কিছু করার প্রস্তাব দেন।

- **নির্বাহী সদস্য জনাব মোঃ মুহিত হোসেন:**
  দেনা পরিশোধ না করলে ভবিষ্যতে দাতা পাওয়া কঠিন হবে বলে মত দেন।

- **সহ-সভাপতি জনাব তানবীর মোরশেদ চৌধুরী:**
  দেনা পরিশোধের আগে বনভোজন আয়োজনের সমালোচনা করেন। প্রথমে দেনা পরিশোধের দাবি জানান। রিসোর্টে আয়োজনের প্রস্তাব দেন এবং আসন্ন ১৪/১১/২০২৫ স্কাউট পুনর্মিলনী লোগো উন্মোচনে উপস্থিতির আহ্বান জানান।

- **সহ-সাংস্কৃতিক সচিব জনাব আরিফুল ইসলাম অপু:**
  সভায় উপস্থিত থাকার জন্য তাকে ফোন করা হয়নি বলে ক্ষোভ প্রকাশ করেন।

- **যুগ্ম মহাসচিব জনাব মাহবুব রাশেদ রুবেল:**
  নৌবিহারের পক্ষে মত দেন এবং রিসোর্টে খরচ বেশি পড়বে বলে উল্লেখ করেন। সাংস্কৃতিক সচিবকে ৭ দিনের মধ্যে উপযুক্ত প্রস্তাব দেওয়ার সময় দেন।

- **মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু:**
  সংগঠনকে দেনামুক্ত রাখতে সচেতন হওয়ার আহ্বান জানান। দেনা পরিশোধে আজীবন সদস্যদের প্রতিশ্রুতি বাস্তবায়নের প্রয়োজনীয়তা তুলে ধরেন। সভাপতির অনুপস্থিতিতে অফলাইন সভা আহ্বান সম্ভব হয়নি বলে ব্যাখ্যা দেন। তিনি বলেন, বনভোজন বাজেটের মধ্যেই করতে হবে এবং সাংস্কৃতিক সচিবকে খরচের বিস্তারিত প্রস্তাব দিতে বলেন। কোষাধ্যক্ষের মাধ্যমে সংগঠনের আর্থিক অবস্থা ও দেনা পরিশোধ পরিকল্পনা প্রকাশ করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

---

## সভাপতির বক্তব্য:

সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ আলোচনার সারসংক্ষেপ তুলে ধরেন এবং সবার মতামতের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন '

"সংগঠনের ঐক্যই আমাদের শক্তি। সকলের সহযোগিতা ও দায়িত্বশীল অংশগ্রহণই ভবিষ্যৎ সাফল্যের চাবিকাঠি।„

তিনি জানান '

- প্রিভিলেজ কার্ড সিলেকশন ও বিতরণ কমিটির চূড়ান্ত তালিকা সভায় উপস্থাপন করা হয়। আলোচনার পর প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে সকলের সম্মতিক্রমে সভাপতি কমিটির তালিকাটি অনুমোদন সিদ্ধিন্ত গৃহিত করেন।

- সফটওয়্যার ও ওয়েবসাইট বাস্তবায়ন কমিটির চূড়ান্ত তালিকা সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনার পর প্রয়োজনীয় সংশোধন করা হয় এবং সকলের সম্মতিক্রমে সভাপতি কমিটির তালিকাটি অনুমোদন সিদ্ধিন্ত গৃহিত করেন।

- অ্যালামনাই এসোসিয়েশন এর ফেসবুক ও পেজ বাস্তবায়ন কমিটি তালিকা সভায় উপস্থাপন করা হয়। আলোচনার পর প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে সকলের সম্মতিক্রমে সভাপতি কমিটির তালিকাটি অনুমোদন সিদ্ধিন্ত গৃহিত করেন।

- সংগঠনের আর্থিক অবস্থা ও দেনা পরিশোধ পরিকল্পনাটি পরবর্তী কার্যনির্বাহী সভায় কোষাধ্যক্ষ কে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত করা হয়।

- সকলে সম্মতিক্রমে আগামী ৮ই নভেম্বর রাত ১০:০০টায় ১৪তম কার্যনির্বাহী সভা (অনলাইন জুম মিটিং) এর সিদ্ধান্ত গৃহিত করেন।
- বনভোজন আয়োজনের বিষয়ে সাংস্কৃতিক সচিবকে আর্থিক ও স্থান নির্বাচন করে আগামী ৮ই নভেম্বর ১৪তম কার্যনির্বাহী সভা (অনলাইন জুম মিটিং) উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত করেন।
- সবাইকে মূল্যবান প্রস্তাব এবং মতামতের জন্য তিনি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

---

**সভা সমাপ্তিঃ**

সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনলাইন (Zoom) মিটিংয়ের সমাপ্তি ঘোষণা করা হয়।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল